

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

উপজেলা: নকলা

জেলা: শেরপুর

সভাপতি : জনাব মোঃ শিহাবুল আরিফ
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), নকলা, শেরপুর
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সভার তারিখ : ০১ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ
সভার সময় : বেলা ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর

ক্র নং	উপস্থিত সদস্যবৃন্দের নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব শাহ মোঃ বোরহান উদ্দিন	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নকলা, শেরপুর	স্বাক্ষরিত
২	জনাব মোঃ শফিকুল ইসলাম জিন্নাহ	সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ নকলা উপজেলা শাখা	"
৩	জনাব আব্দুল ওয়াদুদ	উপজেলা কৃষি অফিসার, নকলা, শেরপুর	"
৪	জনাব মুহাম্মদ সারোয়ার আলম তালুকদার	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নকলা, শেরপুর	"
৫	জনাব ড. মুহাম্মদ ইসহাক আলী	উপজেলা প্রাণী সম্পদ অফিসার, নকলা, শেরপুর	"
৬	জনাব মোঃ অনিক রহমান	সি. উপজেলা মৎস্য অফিসার, নকলা	"
৭	জনাব শেখ ফজলুল হক মনি	কৃষি সম্প্রসারণ অফিসার, নকলা, শেরপুর	"
৮	জনাব মোঃ মাহামুদুল হাসান মুসা	কৃষি সম্প্রসারণ অফিসার, নকলা, শেরপুর	"
৯	জনাব মোঃ হাবিবুর রহমান	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার	"
১০	জনাব মোঃ আলমগীর আজাদ	আহ্বায়ক, বাংলাদেশ কৃষক লীগ নকলা উপজেলা শাখা	"
১১	জনাব মোঃ আঃ মন্নাফ খান	যুগ্ম আহ্বায়ক, বাংলাদেশ কৃষক লীগ নকলা উপজেলা শাখা	"


সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানান এবং আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটিকে অনুরোধ করেন।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব সভায় জানান যে, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির ২৮/৮/২০২২ খ্রিঃ সভার সিদ্ধান্ত এবং উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শেরপুর মহোদয়ের সভার তারিখঃ ২৮/৮/২০২২ খ্রিঃ মোতাবেক এই উপজেলায় ২০২২-২৩ অর্থবছরে খরিফ-২ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ২৫০ জন কৃষকের মাঝে বিনামূল্যে ৫ (পাঁচ) কেজি করে মাসকলাই বীজ, ১০ (দশ) কেজি ডিএপি ও ০৫ (পাঁচ) এমওপি সার সহায়তা প্রদানের জন্য বরাদ্দ পাওয়া গিয়াছে। প্রণোদনার জন্য মাসকলাই বীজ ও সার বিএডিসি সরবরাহ করবে। সদস্য সচিব সভায় আরো জানান যে, মাসকলাই আবাদের এমন উপযোগী জমি আছে এরূপ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক উপকরণ সহায়তা পাবেন। বিগত বছরের মাসকলাই চাষের জমি এবং ফসল উৎপাদনের উপযোগিতা অনুযায়ী প্রাপ্ত সহায়তা নকলা উপজেলায় মোট ০৬ (ছয়) টি ইউনিয়ন ও ০১ (এক) টি পৌরসভার মধ্যে বিভাজন করার জন্য অনুরোধ জানান।	১। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে ২০২২-২৩ অর্থবছরে খরিফ-২ মৌসুমে মাসকলাই চাষের জমি এবং ফসল উৎপাদনের উপযোগিতা অনুযায়ী প্রাপ্ত সহায়তা নকলা উপজেলায় মোট ০৬ (ছয়) টি ইউনিয়ন ও ০১ (এক) টি পৌরসভার মধ্যে বিভাজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সভাপতি ও সদস্য সচিব উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নকলা, শেরপুর

পৌরসভা/ইউনিয়নওয়ারী কৃষক সংখ্যা বিভাজনের তথ্য

ক্রঃ নং	ইউনিয়নের /পৌরসভা নাম	সহায়তার আওতায় বরাদ্দকৃত কৃষকের সংখ্যা (মাসকলাই)	মন্তব্য
১	উরফা	৩০	প্রতি কৃষককে ৫ কেজি মাসকলাই বীজ, ১০ কেজি ডিএপি ও ০৫ কেজি এমওপি সার প্রদান করা হবে।
২	গৌরদ্বার	২০	
৩	বানেশ্বর্দী	২০	
৪	পাঠাকাটা	২০	
৫	চর অষ্টধর	৬০	
৬	চন্দ্রকোনা	৮০	
৭	নকলা পৌরসভা	২০	
মোট		২৫০	

সভায় আর কোনো সিদ্ধান্ত না থাকায় সভাপতি মহোদয় ২০২২-২৩ অর্থবছরে খরিফ-২ মৌসুমে মাসকলাই প্রণোদনা কর্মসূচীর সফল বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শিহাবুল আরিফ)

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)

ও

সভাপতি


উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
নকলা, শেরপুর

তারিখ : ০১/৯/২০২২ খ্রিঃ

স্মারক নং : ৪৫৭

অনুলিপি : সদয় অবগতির জন্য

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, শেরপুর।
- ২। উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, শেরপুর।
- ৩। কৃষি সম্প্রসারণ অফিসার, নকলা, শেরপুর।
- ৪। উপ সহকারী কৃষি কর্মকর্তা (সংশ্লিষ্ট ইউনিয়ন) নকলা, শেরপুর, জ্ঞাতার্থে ও কার্যার্থে।
- ৫। সংশ্লিষ্ট নথি।



(আবুল ওয়াস)।

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
নকলা, শেরপুর